

## পরীক্ষায় বাধা দিলে গুলি

— মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী

■ কালিয়াকৈর (গাজীপুর) প্রতিনিধি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ.ক.ম মোজাম্মেল হক বলেছেন, এসএসসি পরীক্ষার সময় যারা বাধা দেবে তাদের সরাসরি গুলি করা হবে। বিএনপি নেত্রী খালেদা জিয়াকে অনেক সম্মান দেখিয়েছি, আর সম্মান দেখানোর কোনো সময় নেই। গতকাল রোববার বিকেলে গাজীপুর মহানগরীর কানাবাড়ী এলাকার বাগিয়া উচ্চ বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। মন্ত্রী আরও বলেন, আমরা আশা করি এই হরতালের পর আর কোনো হরতাল দেবেন না। ১৬ লাখ পরীক্ষার্থীর মধ্যে আপনাদেরও ৩ লাখ পরীক্ষার্থী আছে। সভায় আলহাজ্ব মো. শামছুল আলম সরকার সভাপতিত্ব করেন।